গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
**www.dshe.gov.bd**

স্মারক নম্বরঃ ৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.১৬(অংশ-২).৩৭৯ তারিখঃ ২৭ ফাল্গুন ১৪৩২বঙ্গাব্দ / ১২ মার্চ ২০২৬ খ্রি.

**বিষয়: ২০২৭ শিক্ষাবর্ষের ইবতেদায়ি, মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভার্সন) দাখিল, এসএসসি ও দাখিল ভোকেশনাল এবং কারিগরি স্তরের পাঠ্যপুস্তকের চাহিদা প্রদান প্রসঙ্গে।**

সূত্র: এনসিটিবি এর স্মারক নং-৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০৫.২৫/৩৭২ তারিখ: ০৫.০৩.২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২৭ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তকের চাহিদা অনলাইনে দাখিল সংক্রান্ত জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনামতে:

12/03/2026

(এস. এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
Email:addshesecondary1@gmail.com

উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

স্মারক নম্বরঃ ৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.১৬(অংশ-২).৩৭৯(০৭) তারিখঃ ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ১২ মার্চ ২০২৬খ্রি.

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
০৩। জেলা প্রশাসক (সকল জেলা)।
০৪। জেলা শিক্ষা অফিসার (সকল জেলা) (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৫। উপজেলা/থানা মাধ্যামিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা) (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৭। সংরক্ষণ নথি।

12/03/2026

(এস. এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
Email:addshesecondary1@gmail.com

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

স্মারক নং- ৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২৬/

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৬ খ্রি:

**বিষয়: ২০২৭ শিক্ষাবর্ষের ইবতেদায়ি, মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভার্সন), দাখিল, এসএসসি ও দাখিল ভোকেশনাল এবং কারিগরি স্তরের পাঠ্যপুস্তকের চাহিদা প্রদান প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রাক-প্রাথমিক স্তর থেকে নবম-দশম শ্রেণি এবং মাদ্রাসা শাখার ইবতেদায়ি থেকে দাখিল নবম-দশম শ্রেণির শিক্ষার্থীদের নিকট বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রতি বছর ১লা জানুয়ারির মধ্যে পৌঁছে দেওয়া সরকারের একটি অগ্রাধিকারভুক্ত ও জনগুরুত্বপূর্ণ কার্যক্রম। উক্ত কার্যক্রম বাস্তবায়নে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)- এর আওতাধীন সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস সর্বাত্মক সহযোগিতা প্রদান করে থাকে। অন্যান্য বছরের ন্যায় ২০২৭ শিক্ষাবর্ষে ইবতেদায়ি, ৬ষ্ঠ-৯ম শ্রেণির মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভার্সন), দাখিল, এসএসসি ও দাখিল ভোকেশনাল এবং কারিগরি ট্রেড ৯ম ও ১০ম শ্রেণির পাঠ্যপুস্তকের চাহিদা ওয়েব এপ্লিকেশনের মাধ্যমে গ্রহণ করা হবে। এ লক্ষ্যে আপনার অধীনস্থ অঞ্চল/জেলা/উপজেলা/থানা থেকে ইবতেদায়ি, ৬ষ্ঠ-৯ম শ্রেণির পাঠ্যপুস্তকের চাহিদা শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহপূর্বক নিচে বর্ণিত সময়সীমার মধ্যে এনসিটিবি'র ওয়েব এপ্লিকেশনে চাহিদা দাখিল/অনুমোদন এর জন্য উপ-পরিচালক (মাধ্যমিক)/জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো:

**চাহিদা অনলাইনে দাখিল ও অনুমোদনের সময়সীমা**

| মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস | জেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপ- পরিচালক (মাধ্যমিক) এর অফিস |
|---|---|---|---|
| চাহিদা দাখিলের পদ্ধতি | https://nctb.ihealthscreen.org ➤ পাঠ্যপুস্তকের চাহিদা গ্রহণ/বিতরণ সিস্টেম | https://nctb.ihealthscreen.org ➤ পাঠ্যপুস্তকের চাহিদা গ্রহণ/বিতরণ সিস্টেম | https://nctb.ihealthscreen.org ➤ পাঠ্যপুস্তকের চাহিদা গ্রহণ/বিতরণ সিস্টেম |
| চাহিদা প্রেরণের সময়সীমা | ০৪/০৩/২০২৬ হতে ১৬/০৩/২০২৬ তারিখ | ২৯/০৩/২০২৬ তারিখ | ৩১/০৩/২০২৬ তারিখ |

**চাহিদা দাখিলের জন্য নিচের বিষয়গুলো বিশেষ গুরুত্বের সাথে বিবেচনার জন্য অনুরোধ করা হলো**

- মাধ্যমিক শিক্ষা অফিস ব্যতীত অন্য কোন অফিসে বা এনসিটিবিতে হার্ড কপি অথবা অনলাইনে বা ইমেইলে চাহিদার সফটকপি প্রেরণের প্রয়োজন নেই। চাহিদা সংক্রান্ত এনসিটিবি কর্তৃক জারীকৃত যে কোন নোটিশ/অফিস আদেশ/পত্র এনসিটিবি'র ওয়েবসাইটে (www.nctb.gov.bd) অবশ্যই যাচাই করে নেওয়ার অনুরোধ করা হলো।
- জেলা শিক্ষা কর্মকর্তা তাঁর অধীনস্থ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে ইংরেজি ভার্সন, এসএসসি ও দাখিল ভোকেশনাল এবং কারিগরি ট্রেড স্তরের পাঠ্যপুস্তকের চাহিদা সংগ্রহ করে এনসিটিবি'র ওয়েব এপ্লিকেশনে দাখিল করবেন।
- জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস ইতোপূর্বে সরবরাহকৃত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে চাহিদা প্রদান করবে।
- পাঠ্যপুস্তকের চাহিদা প্রদানের সময় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। শিক্ষার্থীর তুলনায় কোনোভাবেই অতিরিক্ত অথবা কম চাহিদা প্রদান করা যাবে না। উল্লেখযোগ্য পরিমান অতিরিক্ত বা কম চাহিদা প্রদান করা হলে চাহিদা প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন।

চাহিদা ইনপুট/ ইউজার আইডি পাসওয়ার্ড সংক্রান্ত কোনো ধরনের সমস্যা হলে এপ্লিকেশনের জরুরি যোগাযোগ লিংক এ ক্লিক করে সংশ্লিষ্ট জেলার জন্য দায়িত্বপ্রাপ্ত এনসিটিবির সহায়তাকারীর সহায়তা নেওয়ার অনুরোধ করা হলো। এছাড়া চাহিদা আপলোডের জন্য অনলাইনে ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণের অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

মোঃ মাহবুবুল হক পাটওয়ারী
চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৩৩-৮৫৪৩২
ই-মেইল: chairman@nctb.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ঢাকা

দৃষ্টি আকর্ষণ: পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২৬/১৩৭২ তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৬ খ্রি:

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩-৬. সদস্য (পাঠ্যপুস্তক/অর্থ/শিক্ষাক্রম/প্রাথমিক শিক্ষাক্রম), এনসিটিবি
৭. আঞ্চলিক পরিচালক (ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/বরিশাল)
৮. জেলা শিক্ষা অফিসার (সকল) (তাঁর অধীনস্থ সকল উপজেলা/থানার চাহিদা সংগ্রহপূর্বক এনসিটিবিতে প্রেরণের অনুরোধসহ)
৯. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল) (তাঁর অধীনস্থ সকল প্রতিষ্ঠানের চাহিদা সংগ্রহপূর্বক জরুরি ভিত্তিতে জেলা শিক্ষা অফিসার ও এনসিটিবিতে প্রেরণের অনুরোধসহ)
১০. পি এ টু চেয়ারম্যান, এনসিটিবি
১১. সংরক্ষণ নথি।

প্রফেসর ড. রিয়াদ চৌধুরী
সদস্য (পাঠ্যপুস্তক)
ফোন: ২২৩৩-৮০৮০৫
ই-মেইল: membertext@nctb.gov.bd